বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**নম্বর:** ৪২.০১.০০০০.০০০.০০৫.২২.০০০২.১৮.৭৭

তারিখ: ৯ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৪ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

## সার্কুলার

বিষয়: **বাপাউবো'র Contract Information Management System Web Database-এ সমাপ্ত, চলমান ও কার্যাদেশ প্রদানকৃত কার্য/পণ্য/সেবা সংক্রান্ত চুক্তির বিল প্রদানের তথ্যসহ হালনাগাদকরণ প্রসঙ্গে।**

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের দরপত্র মূল্যায়ন প্রক্রিয়া সহজীকরণ করার লক্ষ্যে Contract Information Management System (CIMS) নামে একটি Web Database (https://cims.bwdb.gov.bd) তৈরি করা হয়েছে। CIMS এর মাধ্যমে দরপত্রে অংশগ্রহণকারী দরপত্রদাতাদের বাপাউবোতে সমাপ্ত, চলমান ও কার্যাদেশ প্রদানকৃত কার্য/পণ্য/সেবা সংক্রান্ত চুক্তির তথ্য, বিল প্রদানের তথ্য পাওয়া যায়। উক্ত তথ্য সমূহের মাধ্যমে দরপত্র মূল্যায়নকালীন সময়ে দরপত্রদাতার বাপাউবোতে হালনাগাদকৃত চলমান চুক্তির (Existing Commitment) তথ্য পাওয়া যায়, Average Annual Construction Turnover ও Tender Capacity নির্ণয় করা যায় এবং এর মাধ্যমে সরকারি ক্রয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা যায়। বাপাউবো'র ক্রয় কার্যের সাথে সংশ্লিষ্ট সকলকে গত ০৫(পাঁচ) বছরের সমাপ্ত, চলমান ও কার্যাদেশ প্রদানকৃত কার্য/পণ্য/সেবা ক্রয় সংক্রান্ত চুক্তির তথ্য CIMS Web Database এ Entry করার জন্য সর্বশেষ অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৮.১২ তারিখঃ ০৩/০২/২০২৫ খ্রিঃ মোতাবেক নির্দেশনা প্রদান করা হলেও সকল চুক্তির তথ্যাদি অদ্যবধি CIMS Web Database এ Entry করা হয়নি।

বাপাউবো'র ক্রয় কার্যের সাথে সংশ্লিষ্ট সকলকে গত ০৩(তিন) বছরের সমাপ্ত, চলমান ও কার্যাদেশ প্রদানকৃত কার্য/পণ্য/সেবা ক্রয় সংক্রান্ত চুক্তির তথ্য CIMS Web Database এ Entry করার আগামী ২১ আগস্ট, ২০২৫ খ্রিঃ এর মধ্যে সম্পন্ন করার জন্য পুনরায় অনুরোধ করা হলো। **উল্লেখ যে, আঞ্চলিক হিসাব রক্ষণ পরিদপ্তরে চলমান কাজের বিল প্রেরণের পূর্বে উক্ত চুক্তির তথ্যাদি CIMS Web Database এ Entry দিতে হবে এবং বিলের সাথে CIMS Web Database এ Entry এর প্রমাণক সংযুক্তি করে বিল প্রেরণ করতে হবে।**

CIMS Web Database এ লগ-ইন সম্পর্কিত যে কোন তথ্যের জন্য জনাব সমিত কুমার দাস, সহকারী প্রোগ্রামার, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা; ফোনঃ +৮৮০১৩১৮২৩৬৩১৮, +৮৮০২২২২৩০১১৭ ও জনাব এ.কে.এম আব্দুল আউয়াল, সহকারী প্রোগ্রামার, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা ফোনঃ +৮৮০১৭৭০০৪০০১৫, +৮৮০২২২২৩০২৯৯ এর সহিত যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এই সার্কুলার জারি করা হলো।

HAlam
২৪-০৭-২০২৫
মোঃ হাফিজুল আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
০২২২২২৩০০১৫
se.cpc.bwdb@gmail.com

।

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল)......................, বাপাউবো।

২। প্রকল্প পরিচালক (সকল)......................................................, বাপাউবো।

৩। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক (সকল)..................................., বাপাউবো।

৫। পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৭। নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক (সকল) .................................., বাপাউবো।

৮। উপ-পরিচালক (সকল), .................. আঞ্চলিক হিসাবকেন্দ্র, বাপাউবো।।

৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক(পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা/প্রশাসন/অর্থ), বাপাউবো, পানি ভবন, ঢাকা।।